গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
এস্টাবলিশমেন্ট অব ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (IEIMS) প্রকল্প
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫
web: www.banbeis.gov.bd, email: crvs_ieims@banbeis.gov.bd

স্মারক নং: ৩৭.২০.০০০০.০০৫.১৪.১০৭.২০/IEIMS-৫৭৫ | তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮ / ৩০ সেপ্টেম্বর ২০২১

**বিষয়: শিক্ষা মন্ত্রণালয়াধীন ব্যানবেইস কর্তৃক বাস্তবায়নাধীন Establishment of "Integrated Educational Information Management System (IEIMS)" শীর্ষক প্রকল্পের আওতায় CRVS ব্যবস্থার আলোকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের পর্যায়ের শিক্ষার্থীদের UID প্রদানের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে প্রেরিত মুদ্রিত শিক্ষার্থী তথ্যছক পূরণ।**

উপর্যুক্ত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়াধীন ব্যানবেইস কর্তৃক বাস্তবায়নাধীন IEIMS প্রকল্পের আওতায় CRVS ব্যবস্থার আলোকে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের প্রোফাইল ডেটাবেজ তৈরি এবং UID প্রদানের লক্ষ্যে মে ২০২১ মাসে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার এর মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে মুদ্রিত শিক্ষার্থী তথ্যছক বিতরণ সম্পন্ন হয়েছে। উল্লিখিত মুদ্রিত শিক্ষার্থী তথ্যছক পূরণ, মুদ্রিত শিক্ষার্থী তথ্যছকের মাধ্যমে প্রাপ্ত তথ্য Software এ Entry ও Upload বিষয়ে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার/সহকারি প্রোগ্রামার (UITRCE)গণকে মাস্টার ট্রেইনার হিসেবে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের প্রশিক্ষণের কার্যক্রম চলমান রয়েছে।

২। উল্লেখ্য যে, মুদ্রিত শিক্ষার্থী তথ্যছক পূরণের কার্যক্রম মে ২০২১ মাসে শুরু করা হলেও মাঠ পর্যায়ে কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব সিদ্ধান্ত মোতাবেক শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিত হয়ে তথ্যছক পূরণ ও জমাদানের বিষয়ে নির্দেশনা প্রদানের কারণে কোভিডকালীন স্বাস্থ্যঝুঁকির সৃষ্টি হওয়ায় শিক্ষার্থী তথ্যছক পূরণ কার্যক্রম সাময়িকভাবে স্থগিত করা হয়। গত ২৪ আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৫ম সভায় শিক্ষা প্রতিষ্ঠান খোলার পরপরই দ্রুত শিক্ষার্থী তথ্যছক পূরণ কার্যক্রম শুরুর বিষয়ে তাগিদ প্রদান করা হয়।

৩। উল্লিখিত বিষয়ে ২৭ সেপ্টেম্বর ২০২১ তারিখে আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ও জেলা শিক্ষা অফিসারগণের সঙ্গে অনুষ্ঠিত মতবিনিময় সভায় শিক্ষার্থী তথ্যছক পূরণ বিশেষ করে ২০২১ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি ও এসএসসি পরিক্ষার্থীদের তথ্যছক পূরণ কার্যক্রম দ্রুততম সময়ে শুরু করার বিষয়ে সকলে একমত পোষণ করা হয়। কোভিড পরিস্থিতির বিষয় বিবেচনায় এবং শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষা ও স্বাস্থ্যবিধি অনুসরণ করে তথ্যছক পূরণসহ সংশ্লিষ্ট শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধন সার্টিফিকেট সংগ্রহ ও জমাদানের ক্ষেত্রে-

ক) শিক্ষাপ্রতিষ্ঠান প্রয়োজনে বিভিন্ন শ্রেণিভিত্তিক শিক্ষার্থীদের জন্য সময় নির্ধারণ করে উল্লিখিত কার্যক্রম সম্পন্নের উদ্যোগ গ্রহণ;
খ) ব্যানবেইসের ওয়েব পেজে IEIMS Tab এ সংরক্ষিত তথ্যছক পূরণের ম্যানুয়াল এবং সফটওয়্যারে ডেটা এন্ট্রি বিষয়ক ভিডিও ক্লিপের সহযোগিতা গ্রহণ;
গ) তথ্যছকের সঙ্গে সংযুক্ত শিক্ষার্থীদের ছবি স্ক্যান করার জন্য প্রয়োজনে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রকল্প কার্যালয় হতে সরবরাহকৃত স্ক্যানার ব্যবহার; এবং
ঘ) শিক্ষার্থী তথ্যছক পূরণ, সফটওয়ারে ডাটা এন্ট্রি সংক্রান্ত অগ্রগতি পরিবীক্ষণের জন্য প্রতি ১৫ (পনের) দিন পর পর সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে এ সংক্রান্ত তথ্য সংযুক্ত ছক মোতাবেক সংগ্রহপূর্বক প্রতিবেদন ই-মেইল crvs_ieims@banbeis.gov.bd - এ প্রেরণ করা যেতে পারে।

৪। এমতাবস্থায়, অগ্রাধিকার ভিত্তিতে ২০২১ সালে অনুষ্ঠিতব্য এসএসসি ও এইচএসসি পরিক্ষার্থীদের এবং অনুচ্ছেদ-৩ এ উল্লেখিত বিষয় বিবেচনা করে পর্যায়ক্রমে সকল শ্রেণির শিক্ষার্থীদের তথ্যছক পূরণ করে নভেম্বর ২০২১ এর মধ্যে ডেটাবেজে এন্ট্রি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মতে ১ (এক) পাতা

৩০/৯/২০২১
হাবিবুর রহমান
মহাপরিচালক
ব্যানবেইস
ফোন-৯৬৬৫৪৫৭

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
................................উপজেলা/থানা।

চলমান পাতা-২

সকল প্রতিষ্ঠান প্রধান সংযুক্ত ছক মোতাবেক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে তথ্য দিবেন।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

(১) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ;
(২) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
(৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর; বাংলাদেশ, ঢাকা;
(৪) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
(৫) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
(৬) প্রকল্প পরিচালক, IEIMS প্রকল্প;
(৭) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
(৮) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল; (শিক্ষার্থী তথ্যছক পূরণের কার্যক্রম তদারকি করার জন্য তাঁর অধিক্ষেত্রে সংশ্লিষ্ঠ সকলকে প্রয়োজনীয় নির্দেশনা দানের অনুরোধসহ);
(৯) জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা (শিক্ষার্থী তথ্যছক পূরণের কার্যক্রম তদারকি করার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
(১০) অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
এস্টাবলিশমেন্ট অব ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (IEIMS) প্রকল্প
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫
web: www.banbeis.gov.bd, email: crvs_ieims@banbeis.gov.bd

## IEIMS প্রকল্পের অধীনে ষষ্ঠ-দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের ইউনিক আইডি (UID) প্রদানের লক্ষ্যে শিক্ষার্থী তথ্যছক পূরণ, সফটওয়্যারে ডেটা এন্ট্রি কার্যক্রম মনিটরিং প্রতিবেদন ছক

**উপজেলা:** **জেলা:** **তারিখ:**

| ক্র. নং | শিক্ষা প্রতিষ্ঠানের ধরন | মোট শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা | শিক্ষার্থী সংখ্যা | | | তথ্যছক পূরনের সংখ্যা | | | ডেটা এন্ট্রির সংখ্যা | | | তথ্যছক পূরণ সম্পন্নকারী শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | এস.এস.সি /সমমান (পরীক্ষার্থী-২০২১) | এইচ.এস.সি /সমমান (পরীক্ষার্থী-২০২১) | নিয়মিত (৬ষ্ঠ-১২শ শ্রেণি) | এস.এস.সি /সমমান (পরীক্ষার্থী-২০২১) | এইচ.এস.সি /সমমান (পরীক্ষার্থী-২০২১) | নিয়মিত (৬ষ্ঠ-১২শ শ্রেণি) | এস.এস.সি /সমমান (পরীক্ষার্থী-২০২১) | এইচ.এস.সি /সমমান (পরীক্ষার্থী-২০২১) | নিয়মিত (৬ষ্ঠ-১২শ শ্রেণি) | |
| ১. | স্কুল | | | | | | | | | | | |
| ২. | স্কুল এন্ড কলেজ | | | | | | | | | | | |
| ৩. | মাদ্রাসা | | | | | | | | | | | |
| ৪. | কলেজ | | | | | | | | | | | |
| ৫. | কারিগরি ও ভোকেশনাল | | | | | | | | | | | |

**উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা অফিসার**
**..................... উপজেলা**

**অনুলিপি:**
**১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, .............. অঞ্চল;**
**২। জেলা শিক্ষা অফিসার, ...................... জেলা।**